

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৩০(আগরতলা, ১২।০১)
আমবাসা, ১২ জানুয়ারী, ২০১৮

লংতরাইভ্যালিতে স্বাস্থ্য মেলা

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে ধলাই জেলার লংতরাইভ্যালি মহকুমার মনুঘাট টাউন হল প্রাঙ্গণে ১০ জানুয়ারী থেকে তিনদিন ব্যাপী জেলা ভিত্তিক স্বাস্থ্য মেলা শুরু হয়েছে। বিধায়ক নিরাজয় ত্রিপুরা প্রদীপ প্রজ্বলন করে জেলা ভিত্তিক স্বাস্থ্য মেলার উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক দিবাচন্দ্র রাংখল। স্বাস্থ্য মেলার উদ্বোধন করে বিধায়ক নিরাজয় ত্রিপুরা বলেন, রাজ্য সরকার সকলের জন্য স্বাস্থ্য পরিষেবার সুযোগ করে দিয়েছে। মা ও শিশু মৃত্যুর হার কমানোর জন্য স্বাস্থ্য কেন্দ্র ও হাসপাতালে প্রাতিষ্ঠানিক প্রসবের উপর গুরুত্ব দেওয়া হয়েছে। তিনি স্বাস্থ্য মেলার সফলতা কামনা করেন এবং এলাকায় শান্তি ও সম্প্রীতিকে আরো সুদৃঢ় করে তোলার আহবান জানান। প্রধান অতিথি বিধায়ক দিবাচন্দ্র রাংখল বলেন, স্বাস্থ্য নিয়ে জনসাধারণকে সচেতন করে তোলার জন্য এ জাতীয় মেলার গুরুত্ব রয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মনু বিএসি'র চেয়ারম্যান মতিলাল শুল্ক বৈদ্য। তাছাড়া, বক্তব্য রাখেন ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ শরবিন্দ রিয়াং ও লংতরাইভ্যালি মহকুমা শাসক সুভাষ চন্দ্র সাহা। স্বাগত ভাষণ রাখেন লংতরাইভ্যালি মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডাঃ সুবিক দেববর্মা।

তিনদিন ব্যাপি জেলা ভিত্তিক স্বাস্থ্য মেলায় শিক্ষা, স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন বিভাগ, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা, তথ্য ও সংস্কৃতি, মনু ব্লক, ছামনু ব্লক, মহকুমা শাসকের কার্যালয়ের দুর্যোগমোকাবিলা, অগ্নিনির্বাপক, পানীয় জল ও স্বাস্থ্য বিধান দপ্তর সহ মোট ২০টি প্রদর্শনী ষ্টল খোলা হয়েছে।
